

নতুন ধারার দৈনিক

# আমাদের ময়

## নতুন ক্যাম্পাসের জন্য জবি পাছে ১৯২১ কোটি টাকা

একনেকে ২০ প্রকল্প অনুমোদন

প্রকাশ | ১০ অক্টোবর ২০১৮, ০০:০০



নিজস্ব প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন একটি ক্যাম্পাস স্থাপনে ভূমি অধিগ্রহণ ও উন্নয়নে ১ হাজার ৯২০ কোটি ৯৪ লাখ টাকার প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল রাজধানীর শেরেবাংলা নগরের জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়।

একনেক বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে প্রকল্পগুলো নিয়ে আলোচনা করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। এ সময় সেখানে উপস্থিত ছিলেন পরিকল্পনা সচিব জিয়াউল ইসলাম ও আইএমইডির সচিব মফিজুল ইসলাম। বৈঠকে মোট ২০টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রকল্পগুলোর মধ্যে অত্যাধুনিক বিশ্ববিদ্যালয়ের মাস্টারপ্ল্যান অন্তর্ভুক্ত রয়েছে। সৌন্দর্য বর্ধন ও প্রাকৃতিক পরিবেশের জন্য ক্যাম্পাসে সবুজ গাছগালা ও লেক থাকবে। পুরো ক্যাম্পাসটি লেক দিয়ে দুটি অংশে বিভক্ত থাকবে এবং ৫টি সেতু দিয়ে সংযুক্ত করা হবে। পরিকল্পনামন্ত্রী জানান, প্রধানমন্ত্রী পড়ালেখার সুবিধার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্লাসগুলোয় বেশি শিক্ষার্থী ভর্তি না করতে বলেছেন। অনুমোদিত

অন্য প্রকল্পগুলোর মধ্যে নরসিংহদীর পলাশে নতুন একটি ইউরিয়া সার কারখানা, চট্টগ্রাম থেকে ঢাকায় জুলানি তেল আনতে পাইপলাইন স্থাপনসহ মোট ২০টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ৩২ হাজার ৫২৪ কোটি ৯০ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে জোগান দেওয়া হবে ১৫ হাজার ৪৯৪ কোটি ৩৭ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে আসবে ১১ হাজার ৬৫৬ কোটি ২৭ লাখ টাকা এবং বিদেশি সহায়তা থেকে আসবে ৫ হাজার ৩৭৪ কোটি ২৬ লাখ টাকা।

একনেক বৈঠকে অনুমোদিত অন্য প্রকল্পগুলো হলো মোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (১০ হাজার ৪৬০ কোটি ৯১ লাখ টাকা), চট্টগ্রাম থেকে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জুলানি তেল পরিবহন প্রকল্প (২ হাজার ৮৬১ কোটি ৩১ লাখ টাকা), জরুরি সহায়তা প্রকল্প বিআরবি অংশ (কক্সবাজার আশ্রয় নেওয়া বাস্তুত মিয়ানমার নাগরিকদের জন্য বিদ্যুতায়ন) প্রকল্প (১০৪ কোটি ৪৪ লাখ টাকা), রূরাল কানেকটিভিটি ইমপ্রুভমেন্ট (আরসিআইপি) প্রকল্প (৩ হাজার ৬৬৭ কোটি ৪২ লাখ টাকা), বাংলাদেশ ইমারজেন্সি অ্যাসিস্ট্যান্স (এলইডি অংশ) প্রকল্প (২৯৭ কোটি ৩০ লাখ টাকা), বঙ্গবন্ধু শেখ মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প (১ হাজার ৯৫৭ কোটি ৪৯ লাখ টাকা), কিশোরগঞ্জ জেলার মিঠাইন উপজেলায় নির্মিতব্য মিঠাইন সেনা স্থাপনার ভূমি সমতল উচুকরণ, ওয়েভ প্রটেকশন ও তীর প্রতিরক্ষা কাজ প্রকল্প (৩০৪ কোটি ৯৫ লাখ টাকা), চট্টগ্রাম জেলার রাস্তুনিয়া ও বোয়ালখালী উপজেলা এবং রাঙামাটি পার্বত্য জেলার কাঞ্চাই উপজেলায় কর্ণফুলী ও ইছামতি নদী এবং শিলক খালসহ অন্যান্য খালের উভয় তীরের ভাগে থেকে রক্ষা প্রকল্প (৩৯৮ কোটি ৯১ লাখ টাকা), রংপুর জেলার গঙ্গাচড়া ও রংপুর সদর উপজেলায় তিঙ্গা নদীর ডান তীর ভাগে থেকে রক্ষা প্রকল্প (১৬৮ কোটি ৮৪ লাখ টাকা), ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট (বাংলাদেশ) প্রকল্প (৩ হাজার ৬৮৪ কোটি ৫৫ লাখ টাকা) এবং গোবিন্দগঞ্জ-মোড়াঘাট-বিরামপুর-ফুলবাড়ী-দিনাজপুর আঞ্চলিক মহাসড়ক যথাযথ মানে উন্নীতকরণ প্রকল্প (৮৮২ কোটি ৯১ লাখ টাকা)।

এ ছাড়া একনেকে অনুমোদিত কর্মবাজার-টেকনাফ সড়ক (এন-১) উন্নয়ন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৪৫৮ কোটি ৩২ লাখ টাকা, খুলনা সিটি করপোরেশনের গুরুত্বপূর্ণ ও ক্ষতিগ্রস্ত রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৬০৭ কোটি ৫৭ লাখ টাকা, দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্পের ব্যয় ৪১৯ কোটি ৩৭ লাখ টাকা, শহীদ এম. এনসুর আলী মেডিক্যাল কলেজ ও ৫০০ শয়ার মেডিক্যাল কলেজ হাসপাতাল সিরাজগঞ্জে স্থাপন প্রকল্পের ব্যয় ৮৮৩ কোটি ৫৩ লাখ টাকা, ১২টি ক্যাডেট কলেজের অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ প্রকল্পের খরচ ধরা হয়েছে ৪২৮ কোটি ৫৪ লাখ টাকা, পল্লী অবকাঠামো উন্নয়ন (কুমিল্লা, ব্রাক্ষণবাড়িয়া ও চাঁদপুর জেলা) প্রকল্পের ব্যয় ৭৬৯ কোটি ৪২ লাখ টাকা, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের ৫ নম্বর গুদারাঘাটের কাছে শীতলক্ষ্যা নদীর ওপর কদমবসুল সেতু নির্মাণ প্রকল্পের ব্যয় ৫৯০ কোটি ৭৫ লাখ টাকা এবং চট্টগ্রাম জেলার মিরসরাই বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে (বেজা) বন্যা নিয়ন্ত্রণ, সড়ক কাম বেড়িবাঁধ প্রতিরক্ষা ও নিষ্কাশন প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৬৫৭ কোটি ৪৩ লাখ টাকা।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি